



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সমাজসেবা ভবন
কার্যক্রম পরিকল্পনা ও উন্নয়ন শাখা
ই-৮/বি-১, শেরে-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪২.১৬.০৪৬.২৩.৬১

তারিখ: ২২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৭ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: পল্লী সমাজসেবা (আরএসএস) কার্যক্রমের ১ম-৬ষ্ঠ পর্ব ও সুদক্ষ ফুড্রেশন (২০১১-২০২৩) এর মাসিক প্রতিবেদন ও বরাদ্দ একীভূত করে “পল্লী সমাজসেবা (আরএসএস) কার্যক্রম” নামে মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত পল্লী সমাজসেবা (আরএসএস) কার্যক্রমের শুরু হতে ২০০৬ পর্যন্ত বরাদ্দকৃত অর্থের জন্য আরএসএস (১ম-৬ষ্ঠ পর্ব) এবং ২০১১-২০১২ অর্থবছর হতে ২০২২-২০২৩ পর্যন্ত বরাদ্দকৃত অর্থের জন্য সুদক্ষ ফুড্রেশন (২০১১-২০২৩) নামে দুটি আলাদা প্রতিবেদন গ্রহণ করা হতো। উপজেলা, জেলা ও বিভাগে খাতভিত্তিক হিসাব সংরক্ষণ ও আলাদাভাবে দুইটি প্রতিবেদন প্রস্তুত করে সদর দফতরে প্রেরণ এবং সদর দফতরে দুটি প্রতিবেদন সমন্বয় করতে অনেক সময়ক্ষেপণ হয়। সময় ও আনুষঙ্গিক বিষয়াদি সাশ্রয়সহ সহজভাবে তথ্য উপস্থাপনের জন্য পল্লী সমাজসেবা (আরএসএস) কার্যক্রমের শুরু হতে বর্তমান সময় পর্যন্ত পল্লী সমাজসেবা কার্যক্রম (১ম-৬ষ্ঠ পর্ব) এবং সুদক্ষ ফুড্রেশন (২০১১-২০২৩ পর্যন্ত) এর বরাদ্দ একত্রিত করে দুটি প্রতিবেদন এর পরিবর্তে “পল্লী সমাজসেবা (আরএসএস) কার্যক্রম” এর মাসিক অগ্রগতি প্রতিবেদন নামে ০১ (এক) টি প্রতিবেদন সমাজসেবা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, অক্টোবর ২০২৩ মাস হতে আরএসএস (১ম-৬ষ্ঠ পর্ব) এবং সুদক্ষ ফুড্রেশন (২০১১-২০২৩) নামে দুটি প্রতিবেদন সমন্বিত করে “পল্লী সমাজসেবা (আরএসএস) কার্যক্রম” নামে একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

০৭-১০-২০২৩
মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী
পরিচালক (যুগ্মসচিব)

পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪২.১৬.০৪৬.২৩.৬১/১ (৩)

তারিখ: ২২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৭ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদপ্তর;
- ২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা সমাজসেবা অফিসারকে জানানোর জন্য অনুরোধ করা হলো) এবং
- ৩। উপজেলা সমাজসেবা অফিসার (সকল)।